গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
mofl.gov.bd

## ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটির (এনটিআরসি) ১৫তম সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ইমাম উদ্দীন কবীর<br>অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ অনুবিভাগ<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ১০ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ। |
| সময় | : বিকাল ০৩:৩০ ঘটিকা |
| সভাস্থল | : সভাকক্ষ, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর। |
| উপস্থিতি | : সভায় অংশগ্রহনকারী সদস্যগণের তালিকা **পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য**। |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতি কমিটির সদস্য সচিব, ফরিদা ইয়াছমিন, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তরকে সভার আলোচ্যসুচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান।

২। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচী অনুযায়ী একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে আলোচ্যসূচি উপস্থাপন করেন।

উপস্থাপিত বিষয়গুলো হলো-

ক) ০৪-০১-২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কাযবিবরণী পাঠ।
খ) পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা।
গ) বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত আলোচনা।
ঘ) বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ পর্যালোচনা ।
ঙ) বুল ষ্টেশনের প্রজনন ষাঁড়ের প্রত্যয়ন প্রদানের সুপারিশ সংক্রান্ত।
চ) বিবিধ।

উপস্থাপনার ভিত্তিতে উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহন করেন। প্রথমে ০৪-০১-২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কাযবিবরণী পাঠ করা হয়। এরপর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত কতিপয় নির্দেশনা প্রদান করা হয়।

বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশ, বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং বুল প্রত্যয়ন, বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনা করা হয় **(গৃহিত সিদ্ধান্ত সমূহ অনুচ্ছেদ -৩ উল্লেখ করা আছে।)** সদস্য সচিব নিম্নে উল্লেখিত বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সভাপতি ডাঃ বেগম শামসুন্নাহার আহমেদ জানান, বিগত ০৫-০৫-২০২৬ তারিখে উপকমিটির সভায় উপরোক্ত ১১ টি প্রতিষ্ঠানের বিভিন্ন ধরনের আমদানির আবেদন পর্যালোচনা করে এ বিষয়ে সুপারিশ প্রণয়ন করা হয়েছে।

পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর সকল বেসরকারী প্রতিষ্ঠানকে টেবিল-১ এ প্রদর্শিত জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা- ২০১৯ মেনে চলার অনুরোধ জানান। তিনি বলেন, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত উপকমিটির পরিদর্শন কালে বেশ কিছু শর্ত প্রতিপালনের অগ্রগতি পরিলক্ষিত হয়েছে। তিনি পর্যায়ক্রমে সকল বেসরকারী প্রতিষ্ঠানকে প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্বাবধানে নীতিমালা অনুযায়ী কর্মীদের রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করার আহ্বান জানান।



CamScanner

এছাড়া বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত উপকমিটির পরিদর্শন কালে কমিটি কর্তৃক যে সকল বিষয়ে অধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন বলে জানানো হয়েছে, তিনি সেগুলো সভায় উপস্থাপন করেন; যেমন-

১. সিমেন উৎপাদন ও মাঠ পর্যায়ে বিতরণের সময় ডিএলএস প্রদত্ত ন্যাশনাল আইডি সম্পূর্নরূপে ষ্ট্র এর গায়ে মুদ্রিত থাকতে হবে।
২. বাতিলকৃত প্রজনন ষাঁড় সংশ্লিষ্ট উপপরিচালক/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার উপস্থিতিতে বুল স্টেশন থেকে অপসারণ পূর্বক পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরকে অবহিত করতে হবে।
৩. সিমেন স্ট্রতে নিম্নলিখিত তথ্যসমূহ ধারাবাহিকভাবে উল্লেখ থাকতে হবে- প্রতিষ্ঠানের নাম, উৎপাদনের তারিখ, জাত, বুল আইডি, বুলের নাম এবং প্রতিষ্ঠানের নিজস্ব ইউনিক চিহ্ন।
৫. সিমেন স্ট্রতে জাতের উল্লেখ হবে -১০০% হলিস্টিন, ১০০% শাহিওয়াল, HFCross এবং SLCross ব্রীডের ক্ষেত্রে বুলের পারসেন্ট স্ট্রতে প্রিন্ট করা যাবে না।
৬. অনুমোদনের ০৩ (তিন) বৎসর পর বুলের প্রজেনী পারফরমেন্স বিজ্ঞানভিত্তিকভাবে উপস্থাপন করতে হবে এবং ব্রিডিং ভ্যালু নির্ণয় করতে হবে।
৭. শাহীওয়াল ও শাহীওয়াল শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১২(বার) বছর।
৮. হলিস্টিন ফ্রিজিয়ান শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১০ (দশ) বছর।
৯. পরবর্তী প্রত্যয়নপত্র প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবিত প্রজনন ষাঁড়ের পিডিগ্রী, মায়ের দুধ উৎপাদন, বাবার আইডি ও জাত ইত্যাদি বিষয়ের উপর অধিকতর গ্রহণযোগ্য প্রমানক দাখিল করতে হবে।
১০. হলিসটিন ফ্রিজিয়ান শংকর জাতের ব্লাড লেভেল ১০০% এর কাছাকাছি রাখার প্রবনতা পরিহার করে ৫০% থেকে ৭৫% এর মধ্যে আবশ্যিকভাবে রাখতে হবে।
১১. দুধ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে শাহীওয়াল এবং শাহীওয়াল শংকর জাতের ব্যবহার সীমিত করতে হবে।
১২. প্রজনন ষাঁড় প্রত্যয়নের পর সিমেন সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ করতে হবে। কোন অবস্থায় এর ব্যত্যয় পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
১৩. ২০২৬ সালের মধ্যে নিজস্ব বুল মাদার হার্ড হতে প্রজনন ষাঁড় উৎপাদন, লোকাল জেনেটিক্স সংরক্ষণ এবং মান নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
১৪. ট্রায়াল শুরুর পূর্বেই ষাঁড় বাছুরের পিডিগ্রীর তথ্যাদি নির্ধারিত ছকে তথ্যাদি পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
১৫. প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অপ্রত্যায়িত অথবা ট্রায়াল বুল হতে সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাত করে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কাজে ব্যবহার করা যাবে না।
১৬. নীতিমালার নির্দেশনা (৩.২.২) অনুযায়ী প্রতিটি বেসরকারী সেবাদানকারী প্রতিষ্ঠানের কর্মীদের প্রাণিসম্পদ অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহন করতে হবে।
১৭. প্রতিটি ইউনিয়নে /ক্যাচমেন্ট এলাকায় একই প্রতিষ্ঠানের একাধিক কর্মী নিয়োজিত থেকে বিরত থাকতে হবে।

**টেবিল-০১:** জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা**- ২০১৯

| নির্দেশনা | বকনা/গাভী | খামারী অবস্থা | প্রাপ্য বীজ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | দেশী | দরিদ্র/মধ্যবিত্ত | দেশী (RCC, Pabna, মুন্সীগঞ্জ, উন্নত দেশী) |
| ২ | দেশী | স্বচ্ছল খামার মালিক | ১০০% হলষ্টিয়ান-ফ্রিজিয়ান |
| ৩ | শাহিওয়াল-দেশী | মধ্যবিত্ত ও স্বচ্ছল খামার মালিক | ১০০% শাহিওয়াল, ৫০% শাহিওয়াল x ৫০% দেশী |
| ৪ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী |
| ৫ | ৫০%+ ফ্রিজিয়ান x ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী |
| ** সকল ক্ষেত্রে যে কোন বকনা/গাভীকে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত (নিকট আত্মীয়) ষাঁড়ের বীজ দ্বারা প্রজনন পরিহার বাঞ্চনীয়। | | | |



CamScanner

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নে লিখিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতভাবে গৃহিত হয়।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৩.১ | ০৪-০১-২০২৬ তারিখের কার্যবিবরণী অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক, কৃত্রিম প্রজন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর;<br>উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ও বেসরকারী সংস্থা |
| ৩.২ | জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রুভেন বুল তৈরী-শীর্ষক প্রকল্প কে কারিগরি সহায়তা দেয়ার জন্য অনুরোধ করা হয়। | মহাপরিচালক, DLS<br>পরিচালক,<br>কৃত্রিম প্রজন দপ্তর,<br>ও<br>পিডি, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৩.৩ | <u>বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশঃ</u><br><br>**৩.৩.১ এসিআই এনিমেল জেনেটিক্স, এসিআই লিমিটেড- (নিবন্ধন নং-০৪)**-এর বুল ষ্টেশন নিবন্ধনের নাম পরিবর্তনের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ৩০-০৪-২০২৬ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির আবেদন কমিটি কর্তৃক **এসিআই এনিমেল জেনেটিক্স, এসিআই লিমিটেড** এর পরিবর্তে **এসিআই এনিমেল জেনেটিক্স, এসিআই পিএলসি** করার জন্য উপকমিটি কর্তৃক সুপারিশ করা হয়।<br><br>**৩.৩.২ ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর (নিবন্ধন নং-১১)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ০৪-০৫-২০২৬ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নিম্নলিখিত বিষয়গুলোর ক্ষেত্রে অধিকতর দৃষ্টি প্রদানের শর্তে (CASA সংযোজন করা, সিমেনে Microbial Load Test নিয়মিতভাবে করা এবং দেশীয় জাতের বুলের সংখ্যা বৃদ্ধি করা) নবায়নের সুপারিশ করা হয়। | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক (সম্প্রসারণ)<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৩.৪ | <u>বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের নতুন ব্রিডিং বুল প্রত্যয়নঃ</u><br><br>**৩.৪.১** ১৪তম সভার ৩.৭.২ সিদ্ধান্ত (২০২৬ সালের ১ জানুয়ারির মধ্যে Holstein Friesian ষাঁড়ের জাতের রক্তের লেভেল ৫০% এ ফিক্স করতে হবে) যাহা ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত বর্ধিত করার সুপারিশ করা হয়।<br><br>**৩.৪.২ ব্রাক এ আই এন্টারপ্রাইজ, শেরপুর, বগুড়ার** ব্রিডিং বুল আইডি (24-413-04-24, 25-448-02-24, 25-449-03-24, 25-450-03-24, 25-464-04-24, 25-469-10-24, 25-471-11-24) ০৭টি আবেদিত ব্রিডিং বুল উপকমিটির সুপারিশ মোতাবেক প্রজনন ষাঁড় হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত **প্রত্যয়ন করার জন্য সুপারিশ প্রদান করা হলো।**<br><br>প্রত্যায়িত ০৭টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 07HFX0001, 07NB0001, 07HFX0002, 07HFX0003, 07HFX0004, 07HFX0005, 07HFX0006 = মোট ০৭টি।<br><br>**৩.৪.৩ ব্রাক এ আই এন্টারপ্রাইজ, শম্ভগঞ্জ, ময়মনসিংহ** এর ব্রিডিং বুল আইডি (24-414-02-23, 24-416-03-23, 25-426-08-23) ০৩টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ০১টি (একটি) প্রজনন ষাঁড় (ষাঁড় নং-25-426-08-23) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত **প্রত্যয়ন করার জন্য সুপারিশ প্রদান করা হলো** এবং বাকি ০২ (দুইটি)টি (ষাঁড় নং-24-414-02-23, 24-416-03-23) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা হয়নি। | **পরিচালক**<br>কৃত্রিম প্রজন দপ্তর,<br>প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকা ও<br>উপপরিচালক<br>জেলা কৃত্রিম প্রজনন দপ্তর<br>এবং<br>বেসরকারী সংস্থা |



CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | প্রত্যায়িত ০১টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 07HFX0007 = মোট ০১টি।<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ০২টি (24-414-02-23, 24-416-03-23) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ময়মনসিংহ -এর উপস্থিতিতে অপসারন নিশ্চিত করার জন্য সুপারিশ করা হলো এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। আপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে। | |
| ৩.৫ | **বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহিত সিদ্ধান্তঃ**<br><br>**৩.৫.১** ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টার প্রাইজ, প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, ব্র্যাকের নিজস্ব মাদর হার্ডে এবং মাঠ পর্যায়ে সংযোগ খামারীর (Contract Farmers) শাহিওয়াল গরুর জাত উন্নয়নের লক্ষ্যে উচ্চ কৌলিক গুন সম্পন্ন ১০০% শাহিওয়াল জাতের ৫,০০০ মাত্রা হিমাহিত সিমেন এবং ৫০০ টি হিমায়িত ভ্রুণ চাহিদার প্রেক্ষিতে পাকিস্তান/ ভারত থেকে **৩০০০ মাত্রা হিমায়িত সিমেন এবং ২০০ মাত্রা হিমায়িত ভ্রুণ** আমদানি অনুমোদনের জন্য **সুপারিশ করা হলো**। তবে পূর্বের ১ (এক) বছরের অনুমোদনকৃত হিমায়িত সিমেন ও হিমায়িত ভ্রুণ আমদানি এবং ব্যবহারের তথ্য অতিসত্বর প্রাণিসম্পদ অধিদপ্তরে প্রদান করতে হবে।<br><br>**৩.৫.২ তাহেরা এগ্রো ফার্মস লিঃ**, গেরদা স্কুল মুর, গ্রামঃ গেরদা, থানাঃ কোতয়ালি, ফরিদপুর সদর, গবাদি পশুর জাত উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারিদের ভাগ্য উন্নয়ন তথা দেশের আমিষের চাহিদা পূরনের লক্ষ্যে **ইউএসএ হতে ২০০০ মাত্রা বিশুদ্ধ হলষ্টেন ফ্রিজিয়ান জাতের হিমায়িত সিমেন** চাহিদার প্রেক্ষিতে অধিকতর পরিদর্শন পূর্বক **সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহন করা হবে।**<br><br>**৩.৫.৩ কোয়ালিটি টেক্সটাইল**, সি- ৩৯ ও ৩৯/১, আফতাবনগর, মেইন রোডম, বাড্ডা, ঢাকা-১২১২, কোয়ালিটি টেক্সটাইল আমদানী ও রপ্তানী ব্যবসার সাথে জড়িত এবং দেশের উন্নয়নের অংশীদার বিদায় বিদেশ হইতে মানসম্পন্ন গরু আমদানি ও লাইসেন্স পারমিটের আবেদনের প্রেক্ষিতে **প্রাণিসম্পদ অধিদপ্তরের খামার নিবন্ধন সনদ না থাকায়** ও জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা ২০১৬ ও ২০২৫ (খসড়া) অনুযায়ী প্রাণি আমদানি কৃত্রিম প্রজনন নীতিমালা পরিপন্থী বিধায় **অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।**<br><br>**৩.৫.৪** ব্র্যাক এআই এন্টারপ্রাইজ ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, ব্র্যাকের নিজস্ব বুল মাদার হার্ডে প্রচলিত প্রজনন নীতিমালা অনুযায়ী প্রাণি উৎপাদনের জন্য ব্যবহারের লক্ষ্যে উচ্চ কৌলিক গুণ সম্পন্ন **১০০% হলস্টিন ফ্রিজিয়ান জাতের ১৫০০ মাত্রা** হিমায়িত সিমেন আমেরিকা (USA) আমদানি **অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>**৩.৫.৫** Bird's Paradise International, INC, House-114, Maniknogor, Thana, Mugda, Dhaka-1203. EUROPE/UAE হতে বিভিন্ন **প্রজাতির ছাগল- ১৯৫ টি, ভেড়া-১৪০ টি, দুম্বা- ৭০ টি, এবং উট- ৪০ টি** আমাদানি প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরের খামার নিবন্ধন সনদ না থাকায় ও জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা ২০১৬ ও ২০২৫ (খসড়া) অনুযায়ী প্রাণি আমদানি কৃত্রিম প্রজনন নীতিমালা পরিপন্থী বিধায় **সুপারিশ করা গেল না। তবে উট ও দুম্বার ক্ষেত্রে আমদানির অনুমোদন এবং সংখ্যা পরবর্তী সভায় নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।**<br><br>**৩.৫.৬** প্রোপ্রাইটর, খন্দকার ট্রেড ইন্টারন্যাশনাল, ২৯৫, হোলান নামাপাড়া, দক্ষিণখান, ঢাকা, ১। UAE/ Uzbekistan হতে মিশ্র বয়সের Fat-Thiled Sheep- ৬০ টি, ২। Holland/Belgium হতে মিশ্র বয়সের Wallaby- ১০টি, ৩। UAE/ Egypt হতে মিশ্র বয়সের Arabian Camel- ৫০ টি, ৪। Holland/Belgium হতে মিশ্র বয়সের Llama-৩০ টি, ৫। Holland/Belgium হতে মিশ্র বয়সের Saanen Goats-৬০ টি, ৬। Holland/Belgium হতে মিশ্র বয়সের Capra- ৮০ টি আমাদানি প্রেক্ষিতে | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |



CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | প্রাণিসম্পদ অধিদপ্তরের খামার নিবন্ধন সনদ না থাকায় ও জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা ২০১৬ ও ২০২৫ (খসড়া) অনুযায়ী প্রাণি আমদানি কৃত্রিম প্রজনন নীতিমালা সমর্থন করে না বিধায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>**৩.৫.৭ এস. এস. এ ইন্টারন্যাশনাল ফার্ম;** ঠিকানাঃ প্লট নং-২৩, মেইন রোড: ৮, ইস্টার্ণ হাউজিং, মিরপুর, ঢাকা-১২১৬, Netherland হতে বিভিন্ন প্রজাতির প্রাণী ১। Bennett's wallaby- ১০ টি, ২। Patagonia mara-১০ টি, ৩। Capybara- ১০ টি, ৪। Luzon Giant Cloud rat- ৬ টি, ৫। Meerkat-২০ টি, ৬। Bobak marmont- ১০ টি ৭। Prairie dogs- ১৪ টি এবং ৮। Galago-২০ টি বিভিন্ন কালারের লাইভ ডোমেস্টিক পেট এ্যানিমেল আমদানি প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরের খামার নিবন্ধন ও প্রয়োজনীয় কাগজপত্র এবং উল্লেখিত প্রাণিসমূহ কৃত্রিম প্রজনন নীতিমালা আওতাভূক্ত না থাকায় **সুপারিশ করা গেল না।**<br><br>**৩.৫.৮ এস. এস. এ ইন্টারন্যাশনাল ফার্ম;** ঠিকানাঃ প্লট নং-২৩, মেইন রোড: ৮, ইস্টার্ণ হাউজিং, মিরপুর, ঢাকা-১২১৬, Netherland হতে নিজস্ব খামারে পালন ও প্রজননের জন্য মিক্স কালার Miniature Horse- ১০ টি এবং Alpaca- ১০ টি আমদানির প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরের খামার নিবন্ধন ও প্রয়োজনীয় কাগজপত্র এবং উল্লেখিত প্রাণিসমূহ কৃত্রিম প্রজনন নীতিমালা আওতাভূক্ত না থাকায় **সুপারিশ করা গেল না।**<br><br>**৩.৫.৯ প্রোপ্রাইটর, ফ্লাইবিস এগ্রো,** ওয়ার্ড নং-০৬, পোস্ট অফিস: কনকাপৈত, উপজেলা: চৌদ্দগ্রাম, জেলা: কুমিল্লা, নিজস্ব খামারে পালনের জন্য ভারত থেকে মুররা জাতের **মহিষ পুংলিঙ্গ: ১০০ টি ও মুররা জাতের বকনা মহিষ: ১৫০ টি এবং ৭০০ টি মুররা জাতের গাভী মহিষ (স্ত্রীলিঙ্গ)** চাহিদার প্রেক্ষিতে অধিকতর পরিদর্শন পূর্বক **সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহন করা হবে।**<br><br>**৩.৫.১০ পাপেগাই ইমপোর্ট এন্ড এক্সপোর্ট,** ঠিকানা-৩৩৩, বড়ুয়া, লঙ্গনীপাড়া, বড়ুয়া, খিলখেত, ঢাকা-১২২৯, বেলজিয়াম হতে লাইভ এ্যানিমেল বিভিন্ন প্রজাতির Goats, Lama, Arabian Camel, Sheeps, Capra, Wallaby, Zebra, Capybara, Nubian Ibex, Deer আমদানি প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরের খামার নিবন্ধন সনদ না থাকায় ও জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা ২০১৬ ও ২০২৫ (খসড়া) অনুযায়ী প্রাণি আমদানি কৃত্রিম প্রজনন নীতিমালা সমর্থন করে না বিধায় **অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না। তবে উট ও দুম্বার ক্ষেত্রে আমদানির অনুমোদন এবং সংখ্যা পরবর্তী সভায় নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।**<br><br>**৩.৫.১১** NTRC এর ১৪তম সভার ৩.৪.৫ সিদ্ধান্ত মোতাবেক কৃষিবিদ শরিফ উদ্দীন তরফদার, উপমহাব্যবস্থাপক, প্রাণ সেন্টার ১০৫, মধ্যে বাড্ডা ঢাকা-১২১২, গাভীর জাত উন্নয়নের জন্য আমদানি সংক্রান্ত আবেদন (**হলস্টিন সিমেন ৯০০০ মাত্রা, জার্সি সিমেন ১৫০০ মাত্রা, শাহিওয়াল সিমেন ১৫০০ মাত্রা**) অধিকতর সরেজমিন পরিদর্শন করে **সন্তোষজনক প্রতিবেদন না পাওয়ায় সুপারিশ করা গেল না।**<br><br>**৩.৫.১২ আল আকসা এগ্রো, বেলকুচি, সিরাজগঞ্জ,** রেজি. নং ৮২৮১ দেশের গবাদিপশুর জাত উন্নয়ন ও আমিষ ঘাটতি পূরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠানটি উল্লেখ করেছে যে দেশে কোরবানির পশুর মধ্যে উটের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে কিছু অসাধু ব্যবসায়ী অবৈধভাবে উট আমদানি করায় সরকার রাজস্ব হারাচ্ছে এবং অসুস্থ পশুর ঝুঁকি তৈরি হচ্ছে। এ কারণে প্রতিষ্ঠানটি বৈধভাবে ভারত, দুবাই বা অন্যান্য পার্শ্ববর্তী দেশ থেকে উট আমদানি করে একটি বাণিজ্যিক খামার প্রতিষ্ঠার পরিকল্পনা করেছে, যাতে দেশীয় বাজারের চাহিদা পূরণ করা যায়। **উট আমদানির অনুমোদন এবং সংখ্যা পরবর্তী সভায় নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।**<br><br>**৩.৫.১২ বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা)** দেশের দুধ উৎপাদন বৃদ্ধি, জাত উন্নয়ন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম শক্তিশালী করার লক্ষ্যে উন্নত জাতের উন্নত জার্সি (Jersey) জাতের সিমেন আমদানির অনুমতি চেয়েছে। চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, উন্নত জাতের সিমেন ব্যবহারের মাধ্যমে দুধ উৎপাদন, রোগ প্রতিরোধ ক্ষমতা, | |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | প্রজনন দক্ষতা ও খামারের উৎপাদনশীলতা বৃদ্ধি সম্ভব। বর্তমানে দেশে উচ্চমানের সিমেনের চাহিদা বৃদ্ধি পাওয়ায় মিল্ক ভিটা **বিদেশ থেকে ৫০ (পঞ্চাশ) হাজার ডোজ উন্নত জাতের Jersey সিমেন আমদানির অনুমোদন প্রার্থনা করেছে।** শর্ত পালন সাপেক্ষে **২০ (বিশ) হাজার ডোজ উন্নত জাতের Jersey সিমেন আমদানির সুপারিশ করার সিদ্ধান্ত** গৃহীত হয়। শর্ত সমূহ নিম্নরুপ-<br>ক) মাঠ পর্যায়ে Unique ID, Pedigree Recording, Performance Recording and Genetic Evaluation কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>(খ) দুধ উৎপাদন, ফ্যাট%, SNF, প্রজনন দক্ষতা, রোগ প্রতিরোধ ক্ষমতা ও অভিযোজন সক্ষমতা বিষয়ে তথ্য সংগ্রহ করতে বাধ্য থাকবে।<br>(গ) দেশীয় ও বিদ্যমান সংকর গাভীর সাথে তুলনামূলক গবেষণা পরিচালনা করতে হবে।<br>(ঘ) ভবিষ্যৎ উপযোগী Climate Smart Dairy Breed উন্নয়ন এর জন্য সচেতন হতে হবে।<br>(ঙ) নির্বাচিত ব্রিডিং বুলের মাধ্যমে কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ করার সুযোগ থাকবে<br>(চ) ক্ষুদ্র ও প্রান্তিক খামারিদের জন্য টেকসই ও লাভজনক ডেইরি মডেল উন্নয়ন বিবেচনায় নিতে হবে।<br>ছ) ০৬ (ছয়) মাস পর পর অগ্রগতি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তর দাখিল করতে হবে।<br>জ) উক্ত গবেষণা ও মূল্যায়ন কার্যক্রমের ভিত্তিতে আগামী ৫ (পাঁচ) বছরের মধ্যে একটি পূর্ণাঙ্গ বৈজ্ঞানিক প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর দাখিল করতে হবে।<br>ঝ) সমিতির সদস্যদের মাঝে ব্যতীত এই সিমেন ব্যবহার করা যাবে না।<br>**৩.৫.১৩ বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা)** দেশের গাভীর জেনেটিক মান উন্নয়ন, টেকসই দুগ্ধ উৎপাদন বৃদ্ধি এবং বৈজ্ঞানিক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিদেশ থেকে উন্নত জাতের **১০টি জার্সি (Jersey)** জাতের ও **০৫ টি ফ্রিজিয়ান (Friesian)** জাতের ব্রিডিং বুল আমদানির অনুমতি চেয়েছে। **শর্ত পালন সাপেক্ষে এবং সরেজমিন পরিদর্শন করে জার্সি (Jersey) জাতের ও ফ্রিজিয়ান (Friesian) জাতের ব্রিডিং বুল এর সংখ্যা নির্ধারণ করে আমদানির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।** শর্ত সমূহ নিম্নরুপ-<br>ক) মাঠ পর্যায়ে Unique ID, Pedigree Recording, Performance Recording and Genetic Evaluation কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>(খ) দুধ উৎপাদন, ফ্যাট%, SNF, প্রজনন দক্ষতা, রোগ প্রতিরোধ ক্ষমতা ও অভিযোজন সক্ষমতা বিষয়ে তথ্য সংগ্রহ করতে বাধ্য থাকবে।<br>(গ) দেশীয় ও বিদ্যমান সংকর গাভীর সাথে তুলনামূলক গবেষণা পরিচালনা করতে হবে।<br>(ঘ) ভবিষ্যৎ উপযোগী Climate Smart Dairy Breed উন্নয়ন এর জন্য সচেতন হতে হবে।<br>(ঙ) নির্বাচিত ব্রিডিং বুলের মাধ্যমে কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ করার সুযোগ থাকবে<br>(চ) ক্ষুদ্র ও প্রান্তিক খামারিদের জন্য টেকসই ও লাভজনক ডেইরি মডেল উন্নয়ন বিবেচনায় নিতে হবে।<br>ছ) ০৬ (ছয়) মাস পর পর অগ্রগতি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তর দাখিল করতে হবে।<br>জ) উক্ত গবেষণা ও মূল্যায়ন কার্যক্রমের ভিত্তিতে আগামী ৫ (পাঁচ) বছরের মধ্যে একটি পূর্ণাঙ্গ বৈজ্ঞানিক প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর দাখিল করতে হবে।<br>ঝ) সমিতির সদস্যদের মাঝে ব্যতীত এই সিমেন ব্যবহার করা যাবে না।<br>**৩.৫.১৪** ১৫তম সভায় গৃহীত জীবন্ত পশু আমাদানির সকল অনাপত্তিপত্র (NOC) ২০২৬ এর ঈদুল আযহা এর পূর্বে প্রদান না করার সুপারিশ করা হয়। | |
| ৩.৬ | ইয়ন বায়ো সাইন্স লিমিটেড কর্তৃক ৩১০ টি কর্ম এলাকা (ইউনিয়ন) সম্প্রসারণের আবেদন কৃত্রিম প্রজনন দপ্তর কর্তৃক বিস্তারিত পর্যালোচনা শেষে ২৫৫ টি কর্ম এলাকা (ইউনিয়ন) সম্প্রসারণের সুপারিশ করার **সিদ্ধান্ত** গৃহীত হয়। | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS |



CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | এবং<br>বেসরকারী সংস্থা |
| ৩.৭ | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা) প্রাণিসম্পদ উন্নয়ন, দুধ উৎপাদন বৃদ্ধি, খামার ব্যবস্থাপনা ও প্রযুক্তিগত কার্যক্রমে মাঠ পর্যায়ের অভিজ্ঞতার ভিত্তিতে National Technical Regulatory Committee (NTRC)-এ সদস্য পদে অন্তর্ভুক্তির আবেদন করেছে যা আলোচনা করে **চেয়ারম্যান, মিল্ক ভিটা কে NTRC এর কার্যপরিধির (চ) মোতাবেক কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।** | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/২/২৫

(মোঃ ইমাম উদ্দীন কবীর)
অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ অনুবিভাগ
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ও
সভাপতি
ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটি (এনটিআরসি)

**সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC ।
২-৩। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও সদস্য NTRC ।
৪। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিপ্তর, ফার্মগেট, ঢাকা ও সদস্য সচিব NTRC ।
৫। পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা ও সদস্য NTRC ।
৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ ও সদস্য NTRC ।
৭। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা ও সদস্য NTRC ।
৮। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, ANG এন্ড ব্রিডিং বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ও সদস্য NTRC ।
৯। উপ পরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা ও সদস্য NTRC ।
১০। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমেল ব্রিডিং শাখা, সাভার, ঢাকার সদস্য NTRC ।
১১। ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা ও সদস্য NTRC ।
১২। একেএম আরিফুল ইসলাম, পরিচালক, আমেরিকান ডেইরী লিমিটেড- উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি, সদস্য NTRC ।
১৩। ড. ইমদাদুল হক, নির্বাহী পরিচালক, লালতীর লাইভষ্টক ডেভলপমেন্ট লিমিটেড- উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি, সদস্য NTRC ।
১৪। ডাঃ মোঃআব্দুল লতিফ, এজিএম, ব্র্যাক এ আই এন্টারপ্রাইজ (এআই ডিভিশন)- উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি, সদস্য NTRC ।
১৫। ডাঃ অরবিন্দ কুমার সাহা, চীফ টেকনিক্যালয় এডভাইজর, এসিআই- উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি, সদস্য NTRC ।
১৬। জনাব মোঃ আতিকুল ইসলাম, বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর প্রতিনিধি, সদস্য NTRC ।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (বিএলআরআই), সাভার, ঢাকা।
৩। ডীন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৪। ডীন, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।



CamScanner